



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd



স্মারক নং পনি/উমা/বিজ্ঞপ্তি-৯৩

তারিখ : ০১-০৬-২০২০ খ্রি.

উচ্চ মাধ্যমিক পরীক্ষার জন্য OTP আপডেট সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উচ্চ মাধ্যমিক পরীক্ষা-২০২০ এর জন্য উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণকে আগামী ০৩-০৬-২০২০ খ্রি. তারিখ হতে ০৯-০৬-২০২০ খ্রি. তারিখের মধ্যে তাঁদের OTP আপডেট করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

OTP আপডেট করার নিয়মাবলি নিম্নে সংযুক্ত।

(প্রফেসর মাধব চন্দ্র রত্ন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd



Online Teacher Profile (OTP) আপডেট করণের নিয়মাবলি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, যশোর বোর্ডের OTP (Online Teacher Profile) সফটওয়্যারটি নতুন করে তৈরি করা হয়েছে। পুরাতন সফটওয়্যারে যে সকল শিক্ষকগণের নাম ও তথ্য ছিল তাদের নাম ও তথ্য নতুন সফটওয়্যারে দেওয়া হয়েছে। সকল শিক্ষকগণকে নতুন সফটওয়্যারে প্রবেশ (Login) করে সকল তথ্য যাচাই বাছাই করে নতুন সফটওয়্যারের তথ্য আপডেট করার জন্য সকলকে অনুরোধ জানানো যাচ্ছে। তথ্য আপলোডের সময় তথ্যের সফটকপি (সকল শিক্ষা সনদের কপি, জাতীয় পরিচয়পত্রের কপি ইত্যাদি) pdf formate এ আপলোড করতে হবে। তথ্য আপডেটের পর প্রতিষ্ঠান প্রধান আপডেট করা তথ্যের সত্যতা যাচাই করে অনুমোদন (Approval) করবেন। অন্যথায় প্রধান পরীক্ষক/পরীক্ষক/বহিরাগত পরীক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হবে না। তথ্য আপলোডের নিয়মাবলি নিচে দেওয়া হলো।

প্রতিষ্ঠান প্রধানের প্যানেল

- ১। ভিজিট করুন institute.jessoreboard.gov.bd
- ২। প্রতিষ্ঠানের EIIN & Password দিয়ে লগইন করুন।
- ৩। বামপাশের মেন্যু থেকে Teacher মেনুতে ক্লিক করুন।
- ৪। প্রতিষ্ঠানের প্রধানের প্যানেল থেকে শিক্ষকের নতুন আইডি তৈরি, পুরাতন আইডির পাসওয়ার্ড পরিবর্তন এবং শিক্ষকের দেওয়া সকল তথ্যের সত্যতা যাচাই করে অনুমোদন (Approve) দিবেন।

সাধারণ শিক্ষকের প্যানেল

- ১। ভিজিট করুন otp.jessoreboard.gov.bd
- ২। শিক্ষকের OPT Teacher ID & Password দিয়ে লগইন করুন।
- ৩। Personal, Educational, Experience Information আপডেট করুন।
- ৪। সকল তথ্য আপডেট করার পর প্রতিষ্ঠান প্রধানের কাছ থেকে তথ্যের সত্যতা যাচাই করে অনুমোদন নিতে হবে। অন্যথায় বোর্ডের কাছে তথ্যটি গ্রহণযোগ্য হবে না।

বিঃ দ্রঃ জেএসসি পরীক্ষার জন্য বাংলা ও ইংরেজির জন্য যথাক্রমে ১০১ ও ১০৭ পূরণ করতে হবে।
এসএসসি পরীক্ষার জন্য বাংলা ও ইংরেজি ১ম ও ২য় পত্র আলাদা আলাদা কোড ১০১, ১০২, ১০৭, ১০৮ পূরণ করতে হবে।
এইচএসসি পরীক্ষার জন্য সকল বিষয়ের ১ম ও ২য় পত্র আলাদা আলাদা কোড পূরণ করতে হবে।

(প্রফেসর মাধব চন্দ্র রন্দ)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৬৬

ই-মেইল : controller@jessoreboard.gov.bd